# বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ
BANGLADESH INLAND WATER TRANSPORT AUTHORITY
**১৪১-১৪৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।**
**চিকিৎসা বিভাগ**


নথি নং- ১৮.১১.০০০০.২০১.৪৬.০১৬.২৪ তারিখ ঃ ২৭/০৭/২০২৬ইং

## "ঔষধ প্রস্তুত ও সরবরাহকারী প্রতিষ্ঠানের তালিকাভূক্তি নবায়ন ও নতুন তালিকাভূক্তির বিজ্ঞপ্তি"

১। বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষের অধীন ২০২৬-২০২৭ অর্থ বছরের জন্য চিকিৎসা বিভাগে প্রাথমিক ও জরুরী জীবন রক্ষাকারী ঔষধ সরবরাহের নিমিত্তে ঔষধ প্রস্তুতকারী প্রতিষ্ঠানের তালিকাভূক্তি নবায়ন ও নতুন তালিকাভূক্তির লক্ষ্যে আগ্রহী প্রতিষ্ঠানের নিকট হতে নির্ধারিত ফরমে আবেদনপত্র আহ্বান করা হচ্ছে।

২। আগ্রহী প্রতিষ্ঠান কর্তৃক ৫০০/-(পাঁচশত) টাকা মাত্র (অফেরৎযোগ্য) বিআইডব্লিউটিএ'র হিসাব বিভাগ, ক্যাশ শাখায় (৯ম তলা), ১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা জমা প্রদান পূর্বক ০৬/০৮/২০২৬ইং তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে আবেদন ফরম সংগ্রহ করা যাবে।

৩। সীলমোহরকৃত আবেদনপত্র প্রধান চিকিৎসক, চিকিৎসা বিভাগ, বিআইডব্লিউটিএ, ১৪১-১৪৩, মতিঝিল বা/এ, (৪র্থ তলা), ঢাকা'য় এর দপ্তরে রক্ষিত টেন্ডার বক্সে, ০৯/০৮/২০২৬ ইং তারিখ ১২.০০ ঘটিকার মধ্যে দাখিল করতে হবে এবং প্রাপ্ত আবেদনপত্র সমূহ ০৯/০৮/২০২৬ইং তারিখ বেলা ১২.১৫ ঘটিকার সময় উপস্থিত আবেদনকারীগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) একই স্থানে উন্মুক্ত করা হবে। নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত কোন আবেদন বিবেচনা করা হবে না।

৪। কর্তৃপক্ষ কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদনপত্র গ্রহন অথবা বাতিল কিংবা সকল আবেদন বাতিল করার ক্ষমতা রাখেন।

২৮ 27/07/2026

ডা. মোঃ জয়নাল আবেদীন
প্রধান চিকিৎসক